

শর্তাবলী :

- ১। টাঙ্গাইল জেলা পরিষদ নিয়ন্ত্রিত খেয়াঘাট, পতিত ভূমি, গণশৌচাগার ও অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার সমূহের দরপত্রের সিডিউল অফেরতযোগ্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে জেলা পরিষদ কার্যালয় হতে ক্রয় করা যাবে।
- ২। খেয়াঘাট, পতিত ভূমি, গণশৌচাগার (ইজারা পত্র জারি থেকে ৩০ জুন, ২০২২ পর্যন্ত) ০১ (এক) বছর ও ০৩ টি অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার (ইজারা পত্র জারি থেকে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত) ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে। মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল হয়ে যাবে।
- ৩। দরপত্র দাখিলকারীদেরকে নিজ নিজ দরপত্রের দেয় দরের শতকরা ১২.১% ভাগ (উদ্ধৃত দর ১০০% + ভ্যাট ১৫%, আয়কর ৫% ও প্রিমিয়াম কর ১% সহ) টাকা প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইলের অনুকূলে যে কোন সিডিউল ব্যাংকের ইস্যুকৃত ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪। কর্তৃপক্ষ কর্তৃক দর গৃহীত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে দরপত্র দাতাকে নিজ খরচে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের পর কার্যাদেশ প্রদান করা হবে। ব্যর্থতায় দরপত্র বাতিল করতঃ জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ৫। অকৃতকার্য দরপত্র দাতার ব্যাংক ড্রাফট ফেরতযোগ্য হবে। কেবল মাত্র সর্বোচ্চ দরপত্রদাতার দরপত্র জেলা পরিষদ সভা কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত তার ব্যাংক ড্রাফট ফেরত দেয়া হবে না।
- ৬। ইজারাদারগণ কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত খেয়াঘাট, পতিত ভূমি, গণশৌচাগার ও অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার অন্য কারো নিকট পুনঃ ইজারা (সাব লীজ) দিতে পারবে না। ইজারাদার কর্তৃক অন্য কারো নিকট সাব-লীজ দেয়া প্রমানিত হলে লীজ বাতিল পূর্বক ইজারার সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ৭। ইজারাপ্রাপ্ত খেয়াঘাট মাসুল আদায়ের অনুমোদিত রেইট চার্টের তালিকা ঘাটের প্রকাশ্য স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদারকে নিজ খরচে টাংগাইয়া রাখতে হবে। কেবল অনুমোদিত সরকারি রেইট চার্ট অনুযায়ী মাসুল আদায় ছাড়া অতিরিক্ত হারে অন্য কোন প্রকারের আর্থিক সুবিধা আদায় করতে পারবে না।
- ৮। সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা জেলা পরিষদ কর্তৃক আরোপিত এবং পরবর্তীতে জারীকৃত সকল প্রকার আদেশ নির্দেশ পালন করতে ইজারাদার সার্বক্ষণিক বাধ্য থাকবেন। তদুপরি সরকার কর্তৃক সময় সময় খেয়াঘাট, পতিত ভূমি, গণশৌচাগার ও অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার সম্পর্কিত যে সকল নির্দেশ জারী করা হবে তা মানতে বাধ্য থাকবেন।
- ৯। ইজারাদারগণ খেয়াঘাট, গণশৌচাগার ও অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার রশিদের মাধ্যমে মাসুল আদায় করবেন।
- ১০। ইজারাগারগণ খেয়াঘাট, গণশৌচাগার ও অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার নিজ খরচে পরিদর্শনবহিঃ সংরক্ষণ করবেন। যে কোন সময় জেলা পরিষদ কর্তৃপক্ষ খেয়াঘাট ও অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারসমূহ পরিদর্শনের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। দরপত্রে লেখা কাটাকাটি হলে অনুস্বাক্ষর করতে হবে। ঘষামাজা লিখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রের প্রতি পৃষ্ঠা পাঠ করে দরপত্রদাতাকে স্বাক্ষর করতে হবে, অন্যথায় দরপত্র অনিয়মিত বলে উহা বাতিলযোগ্য হবে।
- ১২। খেয়া পারাপারের জন্য প্রত্যেক ঘাটে প্রয়োজনীয় সংখ্যক নৌকা ও অন্যান্য সরঞ্জামাদি সর্বদাই প্রস্তুত রাখতে হবে।
- ১৩। নদ নদীর পানি উঠানামার সঙ্গে সঙ্গে পারাপারে সাধারণের চলাচলের জন্য বোট বা এপ্রোচ রোড ইজারাদারকে নিজ খরচে তৈরী/সংরক্ষণ করতে হবে।
- ১৪। কর্তৃপক্ষ যদি সর্বোচ্চ ডাক অনুমোদন না করেন কিংবা কোন উর্দ্ধতন কর্তৃপক্ষ বা কোন আদালত ইজারা বাতিল করলে তাহলে ইজারাদারের জমাকৃত অর্থ হতে ঘাট দখলকৃত সময়ের জন্য আনুপাতিক হারে অর্থ কর্তন করে বাকী অর্থ ইজারাদারকে ফেরত দেয়া হবে।
- ১৫। জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারী স্কুল ও মাদ্রাসার ছাত্র-ছাত্রী এবং ০৫ বছর বয়সের নিচে শিশুর নিকট হতে কোন মাসুল আদায় করা যাবে না।
- ১৬। দরপত্রে ইজারার টাকা পর্যাপ্ত না হলে পরবর্তীতে পুনঃ দরপত্র আহবান করা হবে। ঐ ক্ষেত্রে প্রতিবারের সর্বোচ্চ দরপত্রদাতার জমাকৃত টাকা ইজারা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জমা থাকবে এবং এতে প্রতিবারের সর্বোচ্চ দরপত্রদাতাদের কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। তবে তিনি বর্ধিত হারে ইজারা নিতে চাইলে পরবর্তী দরপত্র গ্রহণের তারিখে সিডিউল ক্রয় করিয়া অতিরিক্ত টাকার ব্যাংক ড্রাফট জমা দিতে পারবেন।
- ১৮। তালিকায় বর্ণিত যে সমস্ত খেয়াঘাটের (মূলঘাট) সঙ্গে শাখা ঘাট যুক্ত রয়েছে সেই সমস্ত শাখা ঘাট ইজারাদার অবশ্যই নিজে আদালাভাবে খেয়া চালাতে বাধ্য থাকবেন।
- ১৯। ইজারাদারকে নিয়মিত ভাবে পর্যাপ্ত বৈদ্যুতিক আলোর ব্যবস্থা রাখতে হবে এবং নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।
- ২০। জেলা পরিষদের অনুমতি ব্যতীত ইজারাকৃত গণশৌচাগার, অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারের কাঠামো কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারের সরঞ্জাম সমূহ যথাযথ ভাবে সংরক্ষণ করতে হবে এবং নিজ খরচে সাধারণ মেরামত করে ব্যবহার উপযোগী রাখতে হবে।
- ২১। কোন খেয়াঘাট, গণশৌচাগার ও অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারের জন্য একাধিক ইজারাদার একই দর (সর্বোচ্চ) দাখিল করলে লটারির মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হবে।
- ২২। ডাকযোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ২৩। লীজ গ্রহীতা/ইজারাদারকে সর্বদা গণশৌচাগার, অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারকে পরিষ্কার করে ব্যবহার উপযোগী রাখতে হবে।
- ২৪। লীজ গ্রহীতা/ইজারাদারকে নিজ হতে প্রতি মাসের বিদ্যুৎ/পানির বিল পরিশোধ করে ০১ (এক) কপি অত্রফিসে প্রমাণ স্বরূপ প্রতিমাসে পাঠাতে হবে।
- ২৫। অডিটরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার এর আঙ্গিনার জঙ্গল, আবর্জনা ইত্যাদি লীজ গ্রহীতা/ইজারাদারকে নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন করে রাখতে হবে এবং স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখতে হবে।
- ২৬। অডিটরিয়াম এর আঙ্গিনার আশে পাশে কোন পথচারী যাতে প্রসাব-পায়খানা করতে না পারে লীজ গ্রহীতা তা নিজ উদ্যোগে নিশ্চিত করবেন।
- ২৭। অডিটরিয়ামের দেয়ালে কোন প্রকার পোষ্টার লাগানো বা লিখা যাবে না।
- ২৮। অডিটরিয়াম ও, গণশৌচাগারের বৈদ্যুতিক বাল্ব, ছোট খাট মেরামত নিজ খরচে ইজারাদারকে সম্পন্ন করতে হবে।
- ২৯। ইজারাদারের অবহেলার জন্য অডিটরিয়ামের কোন ক্ষতি হলে তা নিজ খরচে ইজারাদারকে সম্পন্ন করে দিতে হবে। এছাড়া ব্যবহারকারী/অতিথি কর্তৃক কোন ক্ষতি হলে তা ইজারাদারের নিকট হতে আদায় যোগ্য হবে।